

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ক্রীড়া কর্মকর্তার কার্যালয়  
হবিগঞ্জ।

স্মারক নং- ৩৪.০২.৬০৩৬.০৩০.১৮.০০১.২৪-১২

তারিখঃ ০৬/০২/২০২৪খ্রি.

বিষয়ঃ অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের সদস্যদের মাসিক/এককালীন ক্রীড়া ভাতা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন সংক্রান্ত।

সূত্রঃ বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর স্মারক নং- ৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯-৭২০ তারিখঃ ৩১ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন হতে ২০২৩-২০২৪ অর্থবছরে অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের সদস্যদের মাসিক/এককালীন ক্রীড়া ভাতা/অনুদান প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিলের আহ্বান জানানো হয়েছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের ওয়েবসাইট [www.bkkf.org.bd](http://www.bkkf.org.bd) এর অভ্যন্তরীণ ই-সেবা “অনুদান অনলাইনে আবেদন” লিংকে প্রবেশ করে ব্যক্তিগত মোবাইল নম্বরের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করে আবেদন করা যাবে। ০১-০২-২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০ট হতে ০১-০৩-২০২৪ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। এ সংক্রান্ত বিস্তারিত সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সর্বিনয়ে প্রেরণ করা হলো।

০৬/০২/২০২৪  
(মোঃ মাজহারুল মজিদ)  
জেলা ক্রীড়া কর্মকর্তা (অঃদাঃ)  
হবিগঞ্জ।  
ফোন : ০২৯৯৬৬০৫৩২৫  
hobigonj@ds.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।
৩. সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, হবিগঞ্জ।
৪. সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, (সকল) হবিগঞ্জ।
৫. ...., হবিগঞ্জ।
৬. জনাব....., হবিগঞ্জ।
৭. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
www.bkkf.org.bd

**বিজ্ঞপ্তি**

নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯-৭২০

তারিখ: ৩১ জানুয়ারি ২০২৪ খ্রি.

বিষয়ঃ অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের সদস্যদের মাসিক/এককালীন ক্রীড়া ভাতা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন সংক্রান্ত।


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন ২০২৩-২০২৪ অর্থবছরে অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের সদস্যদের মাসিক/এককালীন ক্রীড়া ভাতা/অনুদান প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিলের আহ্বান জানাচ্ছে। ফাউন্ডেশনের ওয়েবসাইট [www.bkkf.org.bd](http://www.bkkf.org.bd) এর অভ্যন্তরীণ ই-সেবা বক্সে "অনুদান অনলাইন আবেদন" লিংকে প্রবেশ করে ব্যক্তিগত মোবাইল নম্বরের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করে আবেদন করা যাবে।

**যেসব তথ্য ও কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে:**

- পাসপোর্ট সাইজের ছবি, ব্যক্তিগত মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধনপত্র
- ফেডারেশনভুক্ত খেলোয়াড়/ক্রীড়াসেবীদের ফেডারেশনের প্রত্যয়ন
- ব্যাংকের শাখার নাম, রাউটিং নম্বর ও নিজস্ব একাউন্ট নম্বরের প্রমাণকের কপি
- স্থানীয় চেয়ারম্যান এর মাধ্যমে বাৎসরিক আয়ের উৎস ও পরিমানের প্রত্যয়ন
- ক্রীড়া সম্পৃক্ততার সনদ (জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া সংস্থা/ফেডারেশন ও ক্রীড়া ক্ষেত্রের বিভিন্ন সনদ)
- মৃত ক্রীড়াসেবীর ক্ষেত্রে মৃত্যুসনদ ও ওয়ারিশ সনদ সাপেক্ষে তার পরিবারের সদস্যগণ আবেদন করতে পারবেন।
- সকল ধরনের সনদ ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে অনলাইনে সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য যে, যারা "বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি" প্রাপ্ত হয়েছেন, তাঁদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বিগত সময়ে যারা এককালীন ক্রীড়াভাতা/অনুদান পেয়েছেন তারা পূর্বের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে অথবা পুনরায় নিবন্ধন করে আবেদন করতে পারবেন।

আগামী ০১-০২-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে ০১-০৩-২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

  
সি.সি.সি.  
০১-০২-২৪

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

ফোনঃ ২২ ২৩৩৫৩৫৭১, ই-মেইলঃ [sec.bkkf@gmail.com](mailto:sec.bkkf@gmail.com)